

📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৫৯

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৪৬. রাসূলুল্লাহ (ﷺ) হতে (হাদীস) প্রচার ও সুন্নাত শিক্ষা দান

بَابُ الْبَلَاغِ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، وَتَعْلِيمِ السُّنَنِ

আরবী

أَخْبَرَنَا أَبُو الْمُغِيرَةِ حَدَّثَنَا الْأَوْزَاعِيُّ عَنْ حَسَّانَ عَنْ أَبِي كَبْشَةَ قَالَ سَمِعْتُ عَبْدَ اللَّهِ بْنَ عَمْرٍو قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ بَلِّغُوا عَنِّي وَلَوْ آيَةً وَحَدَّثُوا عَنْ بَنِي إِسْرَائِيلَ وَلَا حَرَجَ وَمَنْ كَذَبَ عَلَيَّ مُتَعَمِّدًا فَلْيَتَّبِعُوا مَقْعَدَهُ مِنَ النَّارِ
إِسْنَادُهُ صَحِيحٌ

বাংলা

৫৫৯. আব্দুল্লাহ ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেন: “আমার নিকট থেকে একটি শিক্ষা (আয়াত) হলেও তা তা প্রচার করবে। বনী ইসরাঈলের থেকে বর্ণনা করতে পার, এতে কোনো দোষ নেই। কিন্তু যে ব্যক্তি আমার উপর স্বেচ্ছায় মিথ্যারোপ করে, সে যেন জাহান্নামকে তার আবাস-ঠিকানা বানিয়ে নেয়।”[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: সহীহ বুখারী, ৩৪৯১; তিরমিযী ২৬৭১; আহমদ, ২/১৫৯, ২০২; আব্দুর রাযযাক, আল মুসান্নাফ ৬/১০৯ নং ১০১৫৭; তাহাবী, মুশকিলুল আছার ১/৪০, ১৬৯; আবু খায়ছামা, আল ইলম নং ৪৫; খতীব, তারীখ বাগদাদ ১৩/১৫৭; বাগাবী, শারহুস সুন্নাহ ১/২৪৩ নং ১১৩; আবু নুয়াইম, হিলইয়া ৬/৭৮; কুদায়ী, মুসনাদুশ শিহাব নং ৬৬২ সংক্ষেপে প্রথম অংশ; ইবনু আব্দুল বারর, জামি' বায়ান নং ১৪৮৩; সহীহ ইবনু হিব্বান নং ৬২৫৬।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=75935>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন